

বই-বিষয়ক

বটের ঝুরি

অমরেন্দ্র চক্রবর্তীকে লেখা গুণীজনের চিঠি

প্রকাশকঃ এবং মুশায়েরা

একদিন আমার অন্তরের আমন্ত্রণে শঙ্খ ঘোষ এসেছিলেন আমার নতুন কয়েকটি পেইনটিং দেখতে। ছবি দেখা ও কথালাপের শেষে তাঁর চলে যাবার মুখে এই চিঠিগুলির কথা তুলি। এগুলি ছাপা উচিত কি না, বা ছাপার অধিকার আমার আছে কি না, সে বিষয়ে তাঁর মত জানতে চাই।

তাঁর উত্তর: "আমার কাছে পাঠিয়ে দিলে দেখে বলতে পারব।"

পরদিন সব চিঠিই তাঁর বাড়িতে পাঠাই। দুতিন দিনের মধ্যে তাঁর ফোন পাই। কথাগুলো মনে আছে— "এতদিন না ছেপে ফেলে রেখেছিলেন!"

তারপরই 'কালের কষ্টিপাথর' পত্রিকায় চিঠিগুলি ধারাবাহিক প্রকাশিত হয়। নাম দিই 'বটের ঝুরি'। পরে এই নামেই বইটি প্রকাশের আগে শঙ্খ ঘোষ আগাগোড়া দেখে দেন ও কয়েকটি কম্পিউটার-কম্পোজিঙের ভুলের পাশে পেনসিলে ফুটকি দিয়ে শুধরোবার সংকেত দেন।

সেইমতো সংশোধিত এই বইটি 'এবং মুশায়েরা'-র সুবল সামন্তের আগ্রহে সযত্নে প্রকাশিত হয়।

আমাকে লেখা অমিয় চক্রবর্তী, বুদ্ধদেব বসু, বিষ্ণু দে, সুভাষ মুখোপাধ্যায়, শঙ্খ ঘোষ, সুনীল গঙ্গোপাধ্যায়, শক্তি চট্টোপাধ্যায়, বিনয় মজুমদার, অমিয়ভূষণ মজুমদার, দেবেশ রায়, বুদ্ধদেব গুহ প্রমুখ ৫৯ জন কবি, লেখক, প্রাবন্ধিকের চিঠি নিয়ে প্রকাশিত হয়েছে 'বটের ঝুরি'।